



টাকা নেই পকেটে, তরুণকে দিয়ে অ্যাপে ঋণ করিয়ে উধাও ছিনতাইকারীরা



ছবি: সংগৃহীত

ভারতের চেন্নাইয়ে এক তরুণের পকেটে টাকা না পেয়ে তাঁকে মোবাইল অ্যাপের মাধ্যমে ঋণ নিতে বাধ্য করে সেই অর্থ ছিনতাইয়ের অভিযোগ উঠেছে চারজনের বিরুদ্ধে। ঋণের টাকা এটিএম বুথ থেকে তুলে নেওয়ার পাশাপাশি ওই তরুণের মুঠোফোনও নিয়ে যায় তারা। এ ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার (২১ অক্টোবর) চেন্নাইয়ের পল্লিকরনাই এলাকায় এ ঘটনা ঘটে। ভুক্তভোগী অজয়ের বয়স ২১ বছর।

পুলিশ জানায়, অজয় ওই এলাকায় অবস্থান করার সময় চারজন তাঁকে জোর করে একটি অটোরিকশায় তুলে নেয়। এরপর তাঁর কাছে থাকা টাকা ও দামি জিনিসপত্র দিতে বলে। কিন্তু অজয়ের কাছে নগদ টাকা বা মূল্যবান কিছু না থাকায় ক্ষুব্ধ হয় তারা। তাঁকে মারধরও করা হয়।

পরে অজয়কে দিয়ে মোবাইল অ্যাপের মাধ্যমে ঋণের আবেদন করানো হয়। আবেদন অনুমোদন হলে তাঁকে কাছের একটি এটিএম বুথ নিয়ে ৯ হাজার ৫০০ রুপি তুলে নেয় অভিযুক্তরা। এরপর অজয়কে ছেড়ে দিয়ে তাঁর মুঠোফোনটিও নিয়ে পালিয়ে যায় তারা।

এ ঘটনায় পল্লিকরনাই থানায় মামলা হয়েছে। পুলিশ জানিয়েছে, তদন্তে জড়িত চারজনকে শনাক্ত করে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন সাই আবুখাকির ওরফে আবু (১৮), প্রকাশ রাজ (২২), পুভালান (২৩) ও সঞ্জয় (২১)। তাঁদের সবার বাড়ি চেন্নাইয়ে।

পুলিশের এক কর্মকর্তা জানান, গ্রেপ্তার ব্যক্তিদের বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে। ছিনতাইয়ে ব্যবহৃত অটোরিকশাটিও জব্দ করা হয়েছে।